তারিখ ... 01 MAY 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

কাল ঢাকা ও রাজশাহী বোর্ডের পরীক্ষা শুরু

# যশোর ও কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা স্থগিত

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা ও রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আগামীকাল বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। দেশের উপকূলীয় জেলাসমূহে প্রচন্ড ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের কারণে যশোর ও কুমিল্লা বোর্ডের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। এ দু'টি বোর্ডের পরীক্ষার পরিবর্তিত তারিখ পরে ঘোষণা করা হবে।

ঢাকা ও রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে মোট ২৬৯টি কেন্দ্র থেকে সর্বমোট ২ লাখ ৬২ হাজার ৬৬৯ জন

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## যশোর ও কুমিল্লা

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য এ বছর বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে। প্রথম দিনে বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। তিনি পরীক্ষায় তাদের সাফল্য কামনা করে আল্লাহর দরবারে দোয়া করেছেন। এসএসসি পরীক্ষা উপলক্ষে গতকাল দেয়া এক বাণীতে প্রধানমন্ত্রী বলেন ঃ স্বৈরাচারী সরকারের পতনের পর প্রথমবারের মত একটি মুক্ত পরিবেশে ঢাকা এবং রাজশাহী বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি আশা করব পরীক্ষায় সকল প্রকার দুর্নীতি পরিহার করে তোমরা এমন একটি আদর্শ স্থাপন করবে যা ভবিষ্যৎ প্রজন্মের জন্যে দৃষ্টান্ত হয়ে থাকবে। দেশ ও সমাজকে দুর্নীতিমুক্ত করতে আমার সরকার বদ্ধপরিকর।

এ বছর ঢাকা বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থী হচ্ছে ১ লাখ ৪৯ হাজার ৫৫৩ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা হচ্ছে ৯৫ হাজার ৩২৪ জন। আর ছাত্রী পরীক্ষার্থী ৫৪ হাজার ২২৯ জন। ঢাকা বোর্ডের অধীনে বিদেশে সাতটি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এ কেন্দ্রগুলো হচ্ছে ঃ জেদ্দা, রিয়াদ, ত্রিপলী, কাতার, আবুধাবী, ওমান ও বেইজিং।

রাজশাহী বোর্ডের অধীনে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১৩ হাজার ১১৬ জন। এর মাঝে ছাত্রের সংখ্যা ৮২ হাজার ৫৫ জন। ছাত্রীর সংখ্যা ৩১ হাজার ৬১ জন।

এক তথ্য বিবরণীতে জানানো হয়, পরীক্ষা গ্রহণ সম্পর্কিত সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্যে সংশ্লিষ্ট সকল মহলের প্রতি সহযোগিতা প্রদানের আহবান জানানো হয়েছে।